# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-05-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুর্শিদাবাদে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী অশান্তিতে ক্ষতিগ্রস্ত শতাধিক পরিবারের নষ্ট হয়ে যাওয়া নথিপত্র রাজ্য সরকার তৈরি করে দেবে ।

২) বড়বাজারে অগ্নিকান্ডের প্রেক্ষিতে বহুতলগুলির অগ্নি নির্বাপন ব্যবস্থা নিয়ে তৎপর প্রশাসন। বন্ধ করে দেওয়া হচ্ছে বিভিন্ন রুফটপ রেঁস্তোরা।

৩) চলতি বছরের মাদ্রাসা, আলিম ও ফাজিল পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে।

৪) ওয়েভস বাজার ২০২৫-এ এপর্যন্ত এক হাজার কোটি টাকার বেশি মূল্যের ব্যবসা হয়েছে বলে তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু জানিয়েছেন।

৫) নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী দুদিন রাজ্যের বেশিরভাগ জেলাতেই বজ্রবিদ্যুত্ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস।

---------------------------------------------------------------------------------

মুর্শিদাবাদে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী অশান্তিতে ক্ষতিগ্রস্ত শতাধিক পরিবারের নষ্ট হয়ে যাওয়া নথিপত্র যুদ্ধকালীন তৎপরতায় তৈরি করে দিতে হবে বলে রাজ্য সরকার নির্দেশ জারি করেছে। আগামী সোমবার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী

মুর্শিদাবাদ সফরে যাচ্ছেন। সেখানে তিনি ক্ষতিগ্রস্তদের হাতে ক্ষতিপূরণ বাবদ সহায়তা তুলে দেবেন বলে নবান্ন সূত্রে খবর।

এদিকে বাংলা বাড়ি সহ একাধিক প্রকল্পের সুবিধা পেতে যেসব নথিপত্রের প্রয়োজন, সেগুলি না থাকায় সমস্যায় পড়েছেন অশান্তিতে ক্ষতিগ্রস্ত পরিবারগুলি। সমস্ত সরকারি পরিষেবা যাতে তারা পান, সেজন্য জেলা প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন মুখ্য সচিব মনোজ পন্থ। ইউনিক ডকুমেন্ট আইডেন্টিফিকেশন নম্বর ব্যবহার করে দ্রুত বিভিন্ন সরকারি নথি পাওয়া নিয়ে কোনো সমস্যা হবে না বলে প্রশাসনের এক শীর্ষ কর্তা জানিয়েছেন।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী সোমবার কলকাতা থেকে বহরমপুর পৌঁছে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিদের সঙ্গে বৈঠক করবেন। পরদিন সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের জেরে হিংসা কবলিত সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন বলে সূত্রের খবর। কথা বলবেন ক্ষতিগ্রস্ত পরিবারগুলির সদস্যদের সঙ্গে। সূতির ছাপঘাঁটি কেডি বিদ্যালয়ের মাঠে এক অনুষ্ঠানে বেশকিছু উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে তাঁর।

-------------------------

মুর্শিদাবাদের জাফরাবাদে সংশোধিত ওয়াকফ আইনের প্রতিবাদে অশান্তি চলাকালীন বাবা ছেলের খুনের ঘটনায় আরও একজনকে গ্রেপ্তার করেছে রাজ্য পুলিশের এসটিএফ। ধৃত ইকবাল শেখকে হাওড়া স্টেশন থেকে পাকড়াও করা হয়। ঘটনার পর থেকে সে ওড়িশায় গা ঢাকা দেয়। আজ তাকে জঙ্গীপুর মহকুমা আদালতে তোলা হয়।

-------------------------

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির জেলিয়াখালি ও কাঠপোল এলাকায় জেলবন্দী শেখ শাহজাহানের অনুগামীদের হাতে আক্রান্ত বিজেপি কর্মীদের সঙ্গে আজ দেখা করতে যান জাতীয় মহিলা কমিশনের সদস্য ডক্টর অর্চনা মজুমদার। রাজ্যে সাধারণ মানুষের স্বাধীনভাবে বাঁচার অধিকার নেই বলে মন্তব্য করেন তিনি। ওয়াকফ বিরোধী মিছিলে না যাওয়ায় মহিলাদের ওপর অত্যাচার করা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

বাইট

শেখ শাহজাহান জেলবন্দী থাকলেও তার অনুগামীরা এলাকায় অত্যাচার চালাচ্ছে বলে বিজেপি কর্মীরা অর্চনা মজুমদারের কাছে অভিযোগ জানিয়েছেন।

-------------------------

মুখ্যমন্ত্রীর নির্দেশের পর কলকাতা শহরের বিভিন্ন রুফটপ রেঁস্তোরা বন্ধ করার জন্য অভিযান চলছে। আজও পুলিশকে সঙ্গে নিয়ে পুরসভার আধিকারিকরা কলকাতার কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে অভিযান চালান। বিধাননগরেও এধরনের রেঁস্তোরাকে চিহ্নিত করার কাজ চলছে বলে মেয়র কৃষ্ণা চক্রবর্তী জানিয়েছেন।

উল্লেখ্য, মঙ্গলবার রাতে বড়বাজারের মেছুয়াপট্টিতে হোটেল ঋতুরাজে অগ্নিকান্ডে ১৪ জনের মৃত্যুর পর বেআইনী এবং অগ্নি নির্বাপণ ব্যবস্থা পর্যাপ্ত নয়, এমন রেঁস্তোরাগুলির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছিলেন পুরমন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। দীঘা থেকে ফিরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নিজেও পার্ক স্ট্রীটে একটি বহুতলে পরিদর্শনে যান। সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে বিভিন্ন ভবনের ছাদগুলি খালি রাখার নির্দেশ দেন তিনি।

-------------------------

এদিকে, নিউ টাউন কলকাতা উন্নয়ন কর্তৃপক্ষ এনকেডিএ তাদের এলাকার ভবনগুলির অগ্নি সুরক্ষা ব্যবস্থা খতিয়ে দেখতে দুদিনের বিশেষ অভিযান শুরু করেছে। এন কে ডি এ-র আধিকারিক ও সংশ্লিষ্ট বিভাগের কর্মীদের নিয়ে তিন সদস্যের ছটি সমীক্ষক দল উপনগরীর সমস্ত ভবন বিশেষ করে বাণিজ্যিক ভবনগুলিতে গিয়ে অগ্নি নির্বাপন ও অন্যান্য সুরক্ষা ব্যবস্থা খতিয়ে দেখে।

-------------------------

মেদিনীপুর শহরে পঞ্চুরচক এলাকায় আজ দুপুর নাগাদ একটি সুপার মার্কেটে আগুন লাগে। দমকলের কয়েকটি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের কোনো খবর নেই। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র থেকেই আগুন লাগে বলে পুলিশের প্রাথমিক অনুমান।

এদিকে, মেদিনীপুর শহরের বিভিন্ন বহুতল ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিতে আজ পৌরসভার পক্ষ থেকে অভিযান চালানো হয়। খতিয়ে দেখা হয় অগ্নিনির্বাপন ব্যবস্থাও। যেসব প্রতিষ্ঠানের উপযুক্ত নথি নেই সেগুলিকে ৭ দিন সময় দেওয়া হয়েছে বলে পুরপ্রধান সৌমেন খান জানিয়েছেন।

-------------------------

হাওড়ার বেলগাছিয়া ভাগাড়ে সাম্প্রতিক ধসের ঘটনার জেরে লাগোয়া তিনটি ওয়ার্ডের নিকাশি ব্যবস্থা বর্ষার আগে যুদ্ধকালীন তৎপরতায় মেরামত করার উদ্যোগ নেওয়া হয়েছে। কলকাতা মেট্রোপলিটন ডেভলপমেন্ট অথরিটি কেএমডিএ সেখানে নতুন নিকাশি পাইপ লাইন বসানোর কাজ শুরু করেছে। সপ্তাহ দুয়েকের মধ্যে সেই কাজ শেষ হয়ে যাবে বলে জানা গেছে। কেএমডিএ সূত্রে জানা গিয়েছে, ভাগাড় লাগোয়া ৭, ৮

ও ৯ নম্বর ওয়ার্ডে নিকাশি জল নিষ্কাশনে ২০০ মিটারের বেশি দীর্ঘ কংক্রিটের তৈরি বিশেষ হিউম পাইপ বসানো হচ্ছে। ইতিমধ্যেই বিপর্যয়ের পর থেকে বিভিন্ন জলমগ্ন এলাকার জল পরিষ্কারের কাজও করা হয়েছে ।

-------------------------

রাজ্যের চলতি বছরের হাই মাদ্রাসা, আলিম ও ফাজিল পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। হাই মাদ্রাসায় মেধা তালিকায় প্রথম দশে ১৫ জন, আলিমে ১০, ফাজিলে ১২জন রয়েছেন। হাই মাদ্রাসায় পাশের হার ৯০.৩২ শতাংশ, আলিমে ৯২.৮১ শতাংশ এবং ফাজিলে পাশের হার ৯৩.১৫ শতাংশ।

হাই মাদ্রাসায় মেধা তালিকায় প্রথম দশে থাকা ১৫ জনের মধ্যে ১২ জন ছাত্রী। প্রথম পাঁচটি স্থান মেয়েদের দখলে। যুগ্মভাবে প্রথম হয়েছেন মালদার ফাহমিদা ইয়াসমিন এবং শাহিদা পারভিন। আলিমে প্রথম হয়েছেন মহম্মদ সৈয়দ আলম মণ্ডল। ফাজিলে প্রথম হয়েছেন ইয়ামিন শেখ।

উল্লেখ্য, তিনটি বিভাগ মিলিয়ে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল প্রায় ৬০ হাজার ৩৭৪ জন।

হাই মাদ্রাসা আলিম ও ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ সকলকে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

-------------------------

এবার ওয়েভসের খবরঃ-    মিউজিক

তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু আজ বলেছেন, ওয়েভস বাজার ২০২৫-এর ইতোমধ্যেই এক হাজার কোটি টাকার বেশি মূল্যের ব্যবসা হয়েছে। মুম্বইয়ে ওয়েভস শিখর সম্মেলন ২০২৫-এ আন্তর্জাতিক বাজার উদ্যোগ হিসাবে ওয়েভস বাজার মিডিয়া ও বিনোদন শিল্পে আন্তর্জাতিক সহযোগিতার গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসাবে উঠে এসেছে। শীর্ষ স্থানীয় নানা কোম্পানী ওয়েভস বাজারে অংশ নিচ্ছে বলে শ্রী জাজু জানান।

বাইট

--------------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ  বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। সারা বিশ্বে সংবাদমাধ্যমের স্বাধীনতা এবং মত প্রকাশের অধিকারের গুরুত্ব তুলে ধরার লক্ষ্যেই এই দিনটি পালন করা  হয়ে থাকে।

এ বছর গণমাধ্যম স্বাধীনতা দিবসের  মূল ভাবনা  "নতুন বিশ্বে সাহসী সাংবাদিকতা- প্রেস স্বাধীনতা ও গণমাধ্যমের উপর কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব।"

মমতা ব্যানার্জীর শাসনে রাজ্যে যে অরাজকতা চলছে, তাতে সর্বত্র সংবাদমাধ্যমকে নিশানা করা হচ্ছে বলে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। আজ সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে সুকান্ত বাবু লেখেন বস্তুনিষ্ঠ এবং নিরপেক্ষ সাংবাদিকতা করতে গিয়ে শাসকদলের দুষ্কৃতী বাহিনী এবং পুলিশ সংবাদমাধ্যমের ওপর লাগাতার চাপ সৃষ্টি করছে। গত কয়েক বছরে অন্যায়ভাবে বিভিন্ন সংবাদমাধ্যমের কর্মীদেরকেও গ্রেপ্তার করা হয়েছে।

--------------------------

বিভিন্ন সংবাদ মাধ্যমে তথ্য পরিবেশন নিয়ে জনমানসে প্রশ্ন উঠলেও আকাশবাণী সংবাদের এর নির্ভরযোগ্য তথ্যের ওপর সম্পূর্ণ আস্থা প্রকাশ করেছেন বিশিষ্ট জনেরা। আজ কলকাতা প্রেস ক্লাবে একটি বেসরকারি কলেজের তরফে বিশ্ব গণমাধ্যম স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনা চক্রের আয়োজন করা হয়।

বিশিষ্ট জনসংযোগ ব্যক্তিত্ব রিতা ভীমানীও আকাশবাণী সংবাদের ওপর আস্থা জ্ঞাপন করেন। বাইট রীতা ভীমানী

-------------------------

নিম্নচাপ অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী দুদিন রাজ্যের বেশিরভাগ জেলাতেই বজ্রবিদ্যুত্ সহ বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস রয়েছে। দক্ষিণবঙ্গের পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও হুগলী জেলায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির কমলা সতর্কতা জারি হয়েছে। ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে যেতে পারে ঝোড়ো হাওয়া।

উত্তরবঙ্গের সব জেলাতেই আজ বজ্র বিদ্যুত্ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

------------------------- -------------------------